

134

দৈনিক ইত্তেফাক

তারিখ ...2-5 FEB 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ...৫...

প্রাণিবিদ্যা বিভাগের ছাত্রছাত্রীদের শিক্ষা সফর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণি-বিদ্যা বিভাগের এমএসসি শেষ-বর্ষের (১৯৯০-৯১) ৪০ জন ছাত্রছাত্রী ও বিভাগের ৪ জন শিক্ষক-শিক্ষিকাসহ মোট ৪৪জনের সার্ক শিক্ষা সফরকারী একটি দল গত শুক্রবার বিকালে বিমান-যোগে কলিকাতার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করিয়াছে। অধ্যাপক মোঃ শফি সফরকারী দলের নেতৃত্ব দিতেছেন। দলটি সার্কভুক্ত দেশ ভারতের কলিকাতা, অজম্বা, ইলোরা, বোম্বাই, উদয়পুর, আজমীর, জয়পুর, আগ্রা ও দিল্লী এবং পাকিস্তানের লাহোর, ইসলামাবাদ ও মারীর বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও ঐতিহাসিক স্থানসমূহ পরিদর্শন করিবে। এতদপক্ষে সফরকারী দলের প্রচেষ্টায় একটি সাময়িকী প্রকাশ করা হইয়াছে। সাময়িকীতে প্রদত্ত শুভেচ্ছা বাণীতে প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি দেশ বরণের মাধ্যমে যেবা ও জ্ঞানের উন্মেষ লাভের উদ্যোগের প্রশংসা করিয়াছেন। সফরকারী দলটি আগামী ৯ই মার্চ ঢাকায় প্রত্যাবর্তন করিবে বলিয়া আশা করা যাইতেছে। --প্রোগ বিজ্ঞপ্তি